

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

বিধানসভা সংবাদ

স-৪৪৭৪

আগরতলা, ৫ জানুয়ারি, ২০২৪

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের অর্থ বৃদ্ধি

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের অর্থ ৫০ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৭৫ লক্ষ টাকা করা হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ রাজ্য বিধানসভায় এই ঘোষণা দেন। তিনি সবাইকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে একজন বিধায়ক বর্তমানে ৫০ লক্ষ টাকা পর্যন্ত নিজ বিধানসভা এলাকায় ব্যয় করতে পারেন। বর্তমানে সেই হিসাবে এই প্রকল্পের জন্য ৩০ কোটি টাকা ব্যয় হচ্ছে। কিন্তু এই অর্থের পরিমাণ বাড়ানোর জন্য অনেকেই দাবী জানিয়ে আসছিলেন। তাঁদের অনুরোধের পরিপ্রেক্ষিতে এই প্রকল্পের অর্থ ৫০ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ৭৫ লক্ষ টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
